নিউ ইয়র্ক স্টেট টেস্টিং প্রোগ্রাম

ইংলিশ ল্যাঙ্গুযেজ আর্টস টেস্ট

ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস্(ইএলএ)বিষয়ের ধারণা

শিক্ষার্থীর ব্যক্তিগত রিপোর্ট

প্রতি বছর, নিউ ইয়র্ক স্টেট ৩ থেকে ৮ গ্রেডের শিক্ষার্থীদের জন্য স্টেটব্যাপী ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস্(ইএলএ) এবং ম্যাথামেটিক্স পরীক্ষা পরিচালনা করে৷ ফেডারেল এবং স্টেটের বাধ্যতামূলক পরীক্ষা পরিপূরণ ছাড়াও, এই কমন কোর সমন্বিত পরীক্ষাসমূহ শিক্ষার্থীদের এবং স্কুলগুলোর বছর-থেকে-বছরের অগ্রগতি পরিমাপেও সহায়ক৷ পরিবারগুলো তাদের এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট (https://www.mystudent.nyc/) -এর মাধ্যমে এইসব পরীক্ষার ফলাফল জানতে অথবা তাদের সন্তানের স্কুল থেকে শিক্ষার্থীর ব্যক্তিগত রিপোর্ট(আইএসআর)-এর অনুরোধ জানাতে পারে৷ এই ডক্যুমেন্ট উদাহরণস্বরুপ ৩ গ্রেডের আইএসআর ব্যবহার করে ঐ স্কোর রিপোর্টের ব্যাখ্যা প্রদান করে৷

Department of Education
Carmen Fariña, Chancellor

পৃষ্ঠা *1* শিক্ষার্থীর ফলের সার-সংক্ষেপ

কার্যসম্পাদনার স্তর নিউ ইয়র্ক স্টেট টেস্টের স্কোর নির্ণয়ে কার্যসম্পাদনার লেভেল 4, 3, 2, এবং 1 ব্যবহার করে। শিক্ষার্থীরা তাদের স্কোর স্কেলের ভিত্তিতে টেস্টে লেভেল 4 থেকে লেভেল 1 পর্যন্ত স্কোর করতে পারে (নিচের চার্ট দেখুন)। চারটি কার্যসম্পাদনা স্তরের প্রতিটির সংজ্ঞা এই পৃষ্ঠার নিচে দেখুন। আপনার রেফারেন্সের জন্য, আপনার সন্তানের ২০১৪ ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টসের কার্যসম্পাদনার স্তর হলো: X. 2	এনওয়াইএস লেভেল **3** দক্ষ 1
দক্ষতার রেটিং দক্ষতার রেটিং দেখায় একজন শিক্ষার্থী নির্দিষ্ট একটি কার্যসম্পাদনার স্তরের কোথায় রয়েছে। রেটিংয়ের বিস্তৃতি ১.০ থেকে ৪.৫	**3.3** 3
স্কেল স্কোর পরীক্ষায় শিক্ষার্থীর কার্যসম্পাদনা রুপান্তরিত হয় তার সামগ্রিক স্কেল স্কোর হিশেবে। স্কেল স্কোরের বিস্তৃতি 147 – 429। এনওয়াইএস ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস গ্রেড 3-এর স্কেল স্কোরের বিস্তৃতি	**326** 4
নিউ ইয়র্ক সিটি পারসেন্টাইল বিস্তৃতি এটি দেখায় আপনার সন্তানের কার্যসম্পাদনা নিউ ইয়র্ক সিটির সকল শিক্ষার্থী যারা একই গ্রেড স্তরে এবং একই বিষয়ে পরীক্ষা দিয়েছে তাদের তুলনায় কী নিচে (0-25%), নাকি 26% এবং 50% এর মাঝে বা 51% এবং 75% -এর মাঝে, নাকি সে উপরের 25% (76-100%)-এ রয়েছে।	**76-100%** 5
সামগ্রিক স্টেট পারসেন্টাইল বিস্তৃতি উপরে যেমন উল্লিখিত আছে, ব্যতিক্রম এই যে এই বিস্তৃতি থেকে দেখা যায় নিউ স্টেটে আপনার সন্তানের গ্রেড স্তরে এবং এই টেস্টে অন্য সকল শিক্ষার্থীর তুলনায় আপনার সন্তান কেমন করেছে।	**76-100%** 6

1

কার্যসম্পাদনার স্তর

শিক্ষার্থীদেরকে কার্যসম্পাদনার একটি স্তর প্রদান করা হয় যার ভিত্তি তার পরীক্ষায় অর্জিত স্কেল স্কোর। মোট চারটি সম্ভাব্য কার্যসম্পাদনার স্তর রয়েছে: এনওয়াইএস স্তর 4 (দক্ষতার উপরে), এনওয়াইএস স্তর 3 (দক্ষ), এনওয়াইএস স্তর 2 (দক্ষতার নিচে) এবং এনওয়াইএস স্তর 1 (দক্ষতার অনেক নিচে)। প্রত্যেকটি কার্যসম্পাদনার স্তরের পূর্ণ বিবরণের জন্য, অনুগ্রহ করে ব্যক্তিক শিক্ষার্থী রিপোর্টের পৃষ্ঠা 1-এর নিচের অংশ দেখুন। প্রতিটি কার্যসম্পাদনার স্তরে শিক্ষার্থীদের দক্ষতা, জ্ঞান এবং অনুশীলনী সম্পর্কিত সাধারণ ধারণার বিস্তারিত বিবরণ জানতে, অনুগ্রহ করে

http://www.engageny.org/resource/performance-level-descriptions-for-ela-and-mathematics সাইট দেখুন।

2

২০১৪ কার্যসম্পাদনার স্তর

২০১৪ পরীক্ষা পরিচালনকারীদের কাছ থেকে আপনার সন্তানের একটি কার্যসম্পাদনার স্তর রয়েছে, স্কোর এখানে দেয়া হবে। যদি না থাকে, এখানে নোট থাকবে যে স্কোর লভ্য নয় এবং যদি কোন ভুল থাকে তাহলে পিতামাতাকে তাদের সন্তানের স্কুলে যাবার নির্দেশ দেয়া হবে।

3

দক্ষতার রেটিং

দক্ষতার রেটিং, যার পরিসর 1.0 – 4.5, দেখায় শিক্ষার্থী কোন নির্দিষ্ট কার্যসম্পাদনার স্তরে কোথায় আছে। উদাহরণস্বরূপ, প্রফিশিয়েন্সি রেটিং ২.৫ নির্দেশ করবে সংশ্লিষ্ট শিক্ষার্থী কার্যসম্পাদনার স্তর ২-এ স্কোর করেছে যা স্কেল স্কোরের নিম্নতম স্তর ২-এর থেকে উচ্চতর স্তর 3-এর ৫০% দূরত্বে আছে। কার্যসম্পাদনার স্তর ৪-এর জন্য সম্ভাব্য সর্বোচ্চ প্রফিশিয়েন্সি রেটিং ৪.৫।

4 [স্কেল স্কোর]

এই স্কেল স্কোর নির্ধারিত হয় শিক্ষার্থী পরীক্ষায় কত পয়েন্ট অর্জন করেছে তা দিয়ে। স্কেল স্কোরের উদ্দেশ্য এটি নিশ্চিত করা যাতে পরীক্ষার ফলাফল বছরের পর বছর একই জিনিস বোঝায় যদিও টেস্ট নেয়া শিক্ষার্থীরা এবং টেস্টগুলো বিভিন্ন বছরে বিভিন্ন হয়। আপনার সন্তান যত বেশি নম্বর পাবে, তার স্কেল স্কোর তত বেশি হবে। কোন কার্যসম্পাদনার স্তরের সাথে সম্পৃক্ত হলে স্কেল স্কোর সর্বোচ্চ অর্থবহ হয়। নিচের টেবিলটিতে প্রতি গ্রেডের স্কেল স্কোরের রেঞ্জ দেখানো হয়েছে, তাছাড়া আপনার সন্তানের গ্রেড স্তরের কার্যসম্পাদনা এবং কলেজ ও পেশাজীবনের প্রস্তুতির প্রত্যাশা পূরণে যে স্কেল স্কোর তার প্রয়োজন সেটিও দেয়া আছে।

বিভিন্ন গ্রেডের স্কেল স্কোরের রেঞ্জ এবং দক্ষতার স্তর

	গ্রেড					
	3	**4**	**5**	**6**	**7**	**8**
স্কে ল স্কোরের পরিসর	147-429	138-423	97-413	117-421	98-414	100-412
এই মানের অধি ক অথবা সমান স্কেল স্কোর দক্ষতা প্রদর্শন করে (কার্যসম্পাদনার স্তর 3 & 4)	320	320	320	320	318	316

5 [নিউ ইয়র্ক সিটি পার্সেনটাইল রেঞ্জ]

একটি শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের একই গ্রেডে এবং একই বিষয়ে স্টেট পরীক্ষা প্রদানকারী অন্য সহপাঠীদের তুলনায় কেমন কার্যসম্পাদনা করেছে, নিউ ইয়র্ক সিটি পারসেন্টাইল পরিসীমা সেটা প্রদর্শন করে। পার্সেনটাইল রেঞ্জ কোয়ার্টাইলে দেখানো হয়। এর অর্থ এখানে দেখা যায় আপনার সন্তানের কার্যসম্পাদনা নিউ ইয়র্ক সিটির সকল শিক্ষার্থী যারা একই গ্রেডে পড়ছে এবং একই বিষয়ে পরীক্ষা দিয়েছে তাদের তুলনায় কী নিচের কোয়ার্টাইলে (0-25%), নাকি 26% এবং 50%, বা 51% এবং 75% -এর মধ্যে, নাকি সে উপরের কোয়ার্টাইলে (75-100%)রয়েছে। উদাহরণস্বরূপ, যদি আপনার সন্তান দ্বিতীয় সিটিওয়াইড কোয়ার্টাইলে(51%-75%) স্কোর করে, তাহলে তার অর্থ হবে সে নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের 51%-এর সমান বা ২৬%-এর চাইতে বেশি এবং উর্ধ্বে 75%-এর সমান স্কোর করেছে।

6 [সামগ্রিক স্টেট পার্সেনটাইল রেঞ্জ]

নিউ ইয়র্ক সিটি পার্সেনটাইল রেঞ্জ একজন শিক্ষার্থী নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের একই গ্রেডে এবং একই বিষয়ে স্টেট পরীক্ষা প্রদানকারী অন্য সহপাঠীদের তুলনায় কেমন কার্যসম্পাদনা করেছে, নিউ ইয়র্ক সিটি পারসেন্টাইল পরিসীমা সেটা প্রদর্শন করে। এই তথ্যসমূহ কোয়ার্টাইলে প্রদর্শিত হয়। এইসব কোয়ার্টাইল সম্পর্কিত বাড়তি তথ্যের জন্য, অনুগ্রহ করে নিউ ইয়র্ক সিটি পার্সেন্টাইল রেঞ্জের বিবরণ দেখুন।

Department of Education
Carmen Fariña, Chancellor

পৃষ্ঠা 2 বাড়তি তথ্য

উদাহরণ হিশেবে ৩য় গ্রেডের একটি স্কোর রিপোর্ট প্রদান করা হলো। কারণ ইএলএ মূল্যায়নে সকল গ্রেডের স্কোর রিপোর্ট একই তথ্য উপস্থাপন করে, এই ব্যাখ্যাগুলো ৩-৮ গ্রেডের বেলায় প্রযোজ্য।

আপনার সন্তানের কার্যসম্পাদনা সম্পর্কে আরও তথ্য	আপনার সন্তানের অর্জিত পয়েন্ট	নম্বর পয়েন্টের সংখ্যা	এনওয়াইতে অর্জিত গড় পয়েন্ট
রিডিং শিক্ষার্থীরা গ্রেড পর্যায়ের পাঠ্য উপকরণে উপস্থাপিত প্রধান প্রধান ধারণা ও বর্ণাসমূহ বুঝে, বর্ণনা যেভাবে কাহিনি গড়ে উঠতে সহায়তা করে তা জানে, চরিত্রগুলোকে গভীরভাবে ব্যাখ্যা দেয়, এবং ধারণা ও ঘটনার মধ্যে সংযোগ তৈরি করে। এছাড়াও শিক্ষার্থীরা পাঠ্য বিষয়ে ব্যবহৃত বিভিন্ন শব্দ ও বাক্যাংশের অর্থ সম্পর্কে নিশ্চিত হয়, বুঝতে পারে কোন রচনা কিভাবে গোছান হয়, এবং দৃষ্টিভঙ্গী সনাক্ত করতে পারে। উপরন্তু, শিক্ষার্থীরা জ্ঞানকে সমন্বিত করতে এবং রচনার বিভিন্ন অংশের ধারণাকে অলঙ্করণ ও যৌক্তিক সংযোগ ব্যবহার করে লিখে প্রকাশ করতে পারে।	20 (8)	31 (9)	17 (10)
উত্স থেকে রাইটিং শিক্ষার্থীরা তাদের গ্রেড পর্যায়ের উপযোগী বিষয় পাঠ করে এবং তারা যে এটাকে সমর্থন করে, তার সবিস্তার বর্ণনা দেয়। শিক্ষার্থীরা চরিত্রগুলো সম্পর্কে লেখে, ব্যাখ্যা করে পাঠ্য বিষয়টিতে তারা কিভাবে একে অপরের সাথে সম্পর্কযুক্ত। শিক্ষার্থীরা পঠিত বিষয়ে ঘটনা এবং প্রক্রিয়া বিশ্লেষণ করে, পঠিত বিষয়ের বৈশিষ্টের উপর ভাষার প্রভাব নিশ্চিত হয়, এবং গল্পের উপাদানগুলোর গুরুত্ব ব্যাখ্যা করে। শিক্ষার্থীরা গ্রেড পর্যায়ের ইংরেজি গ্রামারের ব্যবহার প্রদর্শন করে সামঞ্জস্যপূর্ণ লেখনীর মাধ্যমে তাদের বোঝার ক্ষমতাও প্রকাশ করে। (7)	17 (11)	24 (12)	12 (13)

7 **সোর্সের সব-স্কোর থেকে রিডিং এবং রাইটিং**

কতগুলো প্রশ্নের গুচ্ছের উপর অর্জিত পয়েন্টের ভিত্তিতে সাবস্কোর পরিমাপ করা হয় যা একই ধরনের অথবা সম্পর্কিত জ্ঞান অথবা দক্ষতার পরিমাপ। আপনার সন্তান কেমন করেছে সেসম্পর্কে সাবস্কোর বাড়তি তথ্য প্রদান করে। ইএলএ পরীক্ষার সাবস্কোর রিডিং এবং রাইটিং - এই দুটি সূত্রে বিভক্ত। রিডিং সাবস্কোর বহু-নির্বাচনী প্রশ্ন যা রিডিং পরিমাপ করে তা দিয়ে আপনার সন্তানের কার্যসম্পাদনার একটি সাধারণ ধারণা প্রদান করে। এইসব রিডিংয়ের প্রশ্ন রিডিং এবং ভাষার নিয়ম-নীতি উভয় বিষয়ের শিক্ষণ মান পরিমাপ করে। সূত্র থেকে রাইটিংয়ের সাবস্কোরের ভিত্তি সংক্ষিপ্ত(2-পয়েন্ট) এবং সম্প্রসারিত (4-পয়েন্ট)রাইটিং প্রশ্নে উপর অর্জিত পয়েন্ট। সূত্র থেকে রাইটিংয়ের প্রশ্নগুলো রাইটিং, রিডিং, এবং ভাষার নিয়ম-নীতি বিষয়ের শিক্ষণ মান পরিমাপ করে।

NYC Department of Education
Carmen Fariña, Chancellor

8 [রিডিংয়ে আপনার সন্তান অর্জিত পয়েন্ট]

বিডিংয়ে আপনার সন্তান অর্জিত পয়েন্ট দিয়ে বোঝায় রিডিং দক্ষতা পরিমাপের প্রশ্নে আপনার সন্তান কর্তৃক অর্জিত পয়েন্ট। আপনার সন্তান তার প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য এক পয়েন্ট অর্জন করে। উদাহরণ হিশেবে, আপনার সন্তান যদি রিডিং পরিমাপের ২০টি প্রশ্নের উত্তর সঠিক দেয়, তাহলে সে রিডিংয়ে ২০ পয়েন্ট স্কোর করবে।

৯ [রিডিংয়ে সম্ভাব্য পয়েন্টের সংখ্যা]

রিডিংয়ে সম্ভাব্য পয়েন্টের সংখ্যা দিয়ে মোট পয়েন্ট বোঝায় যা রিডিং বিষয়ের নির্দিষ্ট পরীক্ষায় অর্জন করা সম্ভব। এই সংখ্যাটি রিডিংয়ে আপনার সন্তানের অর্জিত পয়েন্টের সাথে তুলনীয় হতে পারে। যেমন, যদি রিডিংয়ে বিষয়ে সম্ভাব্য পয়েন্টের সংখ্যা ৩১ হয় এবং আপনার সন্তান ২০টি প্রশ্নের সঠিক উত্তর দেয় (তাহলে রিডিংয়ে সে ২০ পয়েন্ট অর্জন করবে), এবং ৩১টি প্রশ্নের মধ্যে তার ১১টি উত্তর ভুল হয়েছে।

10 [রিডিং বিষয়ে এনওয়াইতে অর্জিত গড় পয়েন্ট]

রিডিংয়ে নিউ ইয়র্কব্যাপী অর্জিত গড় পয়েন্ট নিউ ইয়র্ক স্টেট ব্যাপী শিক্ষার্থীগণ কর্তৃক অর্জিত পয়েন্টের গড় নম্বর। এই সংখ্যা দিয়ে আপনার সন্তানের গ্রেডে অন্য যেসকল শিক্ষার্থী স্টেটব্যাপী ইএলএ পরীক্ষা দিয়েছে তাদের সাথে আপনার সন্তানের নির্দিষ্ট গ্রেডে কার্যসম্পাদনার তুলনা হতে পারে। উদাহরণস্বরুপ, আপনার সন্তান যদি রিডিংয়ে ২০ পয়েন্ট অর্জন করে থাকে, তাহলে সে রিডিংয়ের প্রশ্নের তিনটির উত্তর সঠিকভাবে দিয়েছে যা স্টেটের ৩ গ্রেডের গড় শিক্ষার্থীর তুলনায় অধিক যেহেতু ঐ গ্রেডের রিডিংয়ে নিউ ইয়র্ক ব্যাপী অর্জিত গড় পয়েন্ট ১৭। অনুগ্রহ করে জেনে রাখুন রিডিংয়ে গড়ের অধিক পয়েন্ট অর্জন সম্ভব এবং তারপরেও দক্ষ বিবেচিত নাও হতে পারেন।

11 [সূত্র থেকে রাইটিং বিষয়ে আপনার সন্তানের অর্জিত পয়েন্ট]

সূত্র থেকে রাইটিং বিষয়ে আপনার সন্তানের অর্জিত পয়েন্ট সূত্র থেকে রাইটিং পরিমাপের প্রশ্নসমূহের উপর তার মোট অর্জিত পয়েন্ট তার মোট অর্জিত পয়েন্ট। সূত্র থেকে রাইটিং পরিমাপের প্রশ্নের মধ্যে আছে দুই ধরনের তৈরি করা-উত্তরের প্রশ্ন: সংক্ষিপ্ত-উত্তর (সর্বোচ্চ ২ পয়েন্টের) এবং সম্প্রসারিত-উত্তর সর্বোচ্চ ৪ পয়েন্টের)। শিক্ষকগণ এইসব প্রশ্নের জন্য প্রত্যেক শিক্ষার্থীর উত্তর মূল্যায়ন করেন।

12 [সূত্র থেকে রাইটিংয়ের উপর সম্ভাব্য মোট পয়েন্ট]

সূত্র থেকে রাইটিংয়ের উপর সম্ভাব্য পয়েন্টের সংখ্যা একটি নির্দিষ্ট টেস্টে সূত্র থেকে রাইটিং পরিমাপের প্রশ্নের উপর একজন শিক্ষার্থী মোট কত পয়েন্ট অর্জন করতে পারে সেটির বিবরণ দেয়। এই সংখ্যাটি রিডিংয়ে আপনার সন্তানের অর্জিত পয়েন্টের সাথে তুলনীয় হতে পারে। উদাহরণস্বরুপ, আপনার সন্তান যদি সূত্র থেকে রাইটিং পরিমাপের ১৭ পয়েন্ট অর্জন করে থাকে, এবং সূত্র থেকে রাইটিং পরিমাপে মোট ২৪ সম্ভাব্য পয়েন্ট থাকে, তাহলে সে ৭ সম্ভাব্য পয়েন্ট অর্জন করতে সক্ষম হয়নি। এই পয়েন্টগুলো আপনার সন্তান হারিয়ে থাকতে পারে কারণ তার উত্তরগুলি এমন পর্যায়ে প্রমাণ ভিত্তিক এবং/অথবা সমর্থিত।

13 [সূত্র থেকে রাইটিং নিউ ইয়র্ক স্টেটের অর্জিত গড় পয়েন্ট]

সূত্র থেকে রাইটিংয়ে নিউ ইয়র্ক স্টেট অর্জিত গড় পয়েন্ট নিউ ইয়র্ক স্টেটব্যাপী সূত্র থেকে রাইটিং বিষয় পরিমাপে শিক্ষার্থীদের অর্জিত গড় পয়েন্ট বোঝায়। এই সংখ্যা দিয়ে আপনার সন্তানের গ্রেডে অন্য যেসকল শিক্ষার্থী স্টেটব্যাপী ইএলএ পরীক্ষা দিয়েছে তাদের সাথে আপনার সন্তানের নির্দিষ্ট গ্রেডে কার্যসম্পাদনার তুলনা হতে পারে। উদাহরণস্বরুপ, আপনার সন্তান যদি রিডিংয়ে ১৭ পয়েন্ট অর্জন করে থাকে, তাহলে সে রিডিংয়ের প্রশ্নের তিনটির উত্তর সঠিকভাবে দিয়েছে যা স্টেটের ৩ গ্রেডের গড় শিক্ষার্থীর তুলনায় অধিক যেহেতু ঐ গ্রেডের রিডিংয়ে নিউ ইয়র্ক ব্যাপী অর্জিত গড় পয়েন্ট   ১২। অনুগ্রহ করে জেনে রাখুন সূত্র থেকে রাইটিংয়ে গড়ের অধিক পয়েন্ট অর্জন সম্ভব এবং তারপরেও দক্ষ বিবেচিত নাও হতে পারেন।